

গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

জিবিসিএসআরডি সার্কুলার নং-০৫

তারিখ : সেপ্টেম্বর ১৭, ২০১৩  
আশ্বিন ০২, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।**

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের বেতন-ভাতাদি ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধের লক্ষ্যে শ্রমিকগণ তাদের জাতীয় পরিচয়পত্র ও কর্মরত প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ডের বিপরীতে ১০০ (একশ) টাকা জমাকরণপূর্বক নিজ নিজ নামে ব্যাংক হিসাব খুলতে পারবেন। এ সকল ব্যাংক হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ এবং কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না। যেক্ষেত্রে চেকবই এর অপ্রতুলতা থাকবে সেক্ষেত্রে চেকবই এর পরিবর্তে ভাউচারের মাধ্যমেও এসকল হিসাবে লেনদেন করা যাবে।

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের বেতন-ভাতাদি ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ ও তাদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকরণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

এতদসংক্রান্ত তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে সংযুক্ত ছক অনুসারে প্রতি ত্রৈমাসিকের পরবর্তী ১৫ দিনের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে। ডিসেম্বর ৩১, ২০১৩ ভিত্তিক প্রথম বিবরণীটি জানুয়ারি ১৫, ২০১৪ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৯২

ফ্যাক্স : ৯৫৩০৩২৭

E-mail: morshed.millat@bb.org.bd

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের ব্যাংক হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন  
মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর ৩০/৩১, ২০--

| হিসাব সংখ্যা | মোট পূঞ্জীভূত স্থিতি (লক্ষ টাকায়) |
|--------------|------------------------------------|
|              |                                    |

